গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজাপুর, ঝালকাঠি
www.rajapur.jhalakathi.gov.bd

উপজেলা আইসিটি বিষয়ক কমিটি সেপ্টেম্বর/১৯ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সোহাগ হাওলাদার, উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ২৪ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ, বেলা ১২.০০ টা। |
| সভার উপস্থিতি | : | হাজিরা মোতাবেক (সংলগ্নি-১)। |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, উন্নত দেশের মত প্রযুক্তির উপযুক্ত , ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও দেশের অব্যহত উন্নয়ন নিশ্চিত করে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে উন্নীত করার জন্য তথ্য প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

## ১. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ | উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভাঃ<br>উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সুপারিশ মোতাবেক ০২ জন উপদেষ্টা এবং ১ জন সভাপতি, ১ জন সদস্য সচিব ও ১৫ জন সদস্য নিয়ে কমিটি গঠন চূড়ান্ত করা হয়।<br><br>কমিটির কার্যপরিধিঃ<br>ক) কমিটি আইসিটি'র বিস্তার ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সহায়তা করবে।<br>খ) ডিজিটাল বাংলাদেশ/আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণ এবং স্কুল-কলেজের আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির পরামর্শ/দিক নির্দেশনা প্রদান করবে। | উপজেলা পর্যায়ে 'আইসিটি'র বিকাশ, উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের নির্দেশনা মোতাবেক নিম্নরূপ কর্মকর্তাদের সমন্বয়ে রাজাপুর উপজেলার আইসিটি বিষয়ক কমিটি/ফোরাম গঠন করা হল।<br>সংযুক্তি- ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>এবং<br>সহকারী প্রোগ্রামার। |
| ১.২ | সরকারি কর্মকর্তাদের 'জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ' প্রশিক্ষণঃ<br>তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিটি সরকারি দপ্তরের তথ্য নাগরিক সেবা উন্মুক্ত থাকা উচিত। এরই ধারাবাহিকতায় উপজেলা পর্যায়ের সরকারি অফিস সমূহের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরনের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা ওয়েব পোর্টাল হালনাগাদ এর উপর প্রশিক্ষণ আয়োজন করার গুরুত্ব আরোপ করেন। | সকল সরকারি অফিসের কর্মকর্তাদের সমন্বয়ে পৃথক ব্যাচে প্রশিক্ষণের আয়োজন করার জন্য নোটিশ করা এবং কর্মকর্তা মনোনয়ন দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। | সহকারী প্রোগ্রামার |

| ক্রনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত আইসিটি কার্যক্রম পরিচালন<br>স্কুল, কলেজ, মাদ্রাসা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত শেখ রাসেল ডিজিটাল ল্যাব আইসিটি শিক্ষা প্রসারে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে আসছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে আইসিটি শিক্ষার বিকল্প নাই, সুতরাং শেখ রাসেল ডিজিটাল ল্যাবের মাধ্যমে ছাত্র ছাত্রীরা আইসিটি শিক্ষা গ্রহন করে নিজেদের দক্ষতা বৃদ্ধি করতে পারছে। এ ছাড়াও উপজেলার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত আইসিটি কার্যক্রম এর অংশ হিসেবে মাল্টি-মিডিয়া ক্লাস রুম এর পরিদর্শন করা প্রয়োজন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সহকারী প্রোগ্রামার নিয়মিতভাবে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি কার্যক্রম এর অংশ হিসেবে মাল্টি-মিডিয়া ক্লাস রুম পরিদর্শন করবেন এবং শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের বিভিন্ন আইসিটি মূলক জ্ঞান বিতরন করবেন। | সহকারী প্রোগ্রামার |
| ১.৪ | উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্যঃ<br>ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নে সকল তথ্য এক ঠিকানায়-এই লক্ষ্যকে সামনে রেখে জাতীয় তথ্য বাতায়ন তৈরি করা হয়েছে। উপজেলা ওয়েব পোর্টালের রির্পোটে দেখা যায় যে, উপজেলা প্রশাসন ওয়েব পোর্টাল সমষ্টিগত ১০০% সম্পূর্ণ। এছাড়া উপজেলা পোর্টালে সংযুক্ত দফতর সমূহের সমষ্টিগত রিপোর্টে দেখা যায় ৮৩.৭৮% সমাপ্ত এবং ১৬.২২ % অসমাপ্ত। উল্লিখিত উপেজেলা পোর্টালের কনটেন্ট নিয়মিত হালনাগাদ করা একান্ত দরকার। | উপজেলা ও ইউনিয়ন পোর্টালে সংযোজিত দপ্তরসমূহ সকল অসম্পূর্ণ তথ্য হালনাগাদ করার জন্য সকল দপ্তরকে নিজ নিজ উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত হয়। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান, উপজেলা নির্বাহী অফিসার ও কারিগরী সহায়তায় সহকারী প্রোগ্রামার |
| ১.৫ | তথ্য অধিকার আইন ২০০৯:<br>উপজেলার সকল সরকারি কর্মকর্তাদের তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কিত বিধিমালা অবশ্যই অবগত হতে হবে এবং নাগরিক সেবায় তথ্যের ব্যবহার নিশ্চিত করা একান্ত প্রয়োজন। | তথ্য অধিকার আইন ২০০৯ সকল কর্মকর্তা অধ্যয়ন করবেন এবং নাগরিক সেবায় তথ্যের ব্যবহার নিশ্চিত করনে জাতীয় তথ্য বাতায়নে সেবা বক্স হালনাগাদ করার সিদ্ধান্ত হয়। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ১.৬ | ডিজিটাল সেন্টার সংক্রান্তঃ<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তা নিয়মিত রিপোর্ট আপলোড করে কিনা তা মনিটরিং করা এবং কারিগরি সহয়তা প্রদান করা। | সহকারী প্রোগ্রামার নিয়মিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করবেন। | সহকারী প্রোগ্রামার |
| ১.৭ | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ<br>একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য-প্রযুক্তি ব্যবহার লক্ষ্যে সরকারি দপ্তরের ই-ফাইল (নথি) ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির বিষয় আলোচনা হয়। উপজেলার সেপ্টেম্বর/২০১৯ এর নথি পারফরমেন্স এর বিষয়ে সহকারী প্রোগ্রামার আলকপাত করেন। | সকল দাপ্তরিক চিঠিপত্র ই-ফাইলিং সিস্টেমে নিষ্পত্তি করতে হবে। উপজেলা আইসিটি কমিটির সভায় ই-নথি কার্যক্রমের উপর নিয়মিত পর্যালোচনা করতে হবে। যে সকল দপ্তরের ই-নথি সিস্টেম চালু আছে সেসকল দপ্তরের পারফরমেন্স বৃদ্ধি করতে হবে। | সহকারী প্রোগ্রামার |

সংযুক্তি- ০১

উপজেলা পর্যায়ে 'আইসিটি'র বিকাশ, উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের নির্দেশনা মোতাবেক নিম্নরূপ কর্মকর্তাদের সমন্বয়ে রাজাপুর উপজেলার আইসিটি বিষয়ক কমিটি/ফোরাম গঠন করা হল।

| | | |
|---|---|---|
| | মাননীয় সংসদ সদস্য, ১২৫ ঝালকাঠি-১ | -উপদেষ্টা |
| | উপজেলা চেয়ারম্যান, রাজাপুরউপজেলাপরিষদ | -উপদেষ্টা |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর | - সভাপতি |
| ০২ | সহকারীকমিশনার (ভূমি), রাজাপুর | -সদস্য |
| ০৩ | অধ্যক্ষ, রাজাপুর সরকারী কলেজ, রাজাপুর(অথবাএকজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণ) | -সদস্য |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজাপুর | -সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, রাজাপুর | -সদস্য |
| ০৬ | উপজেলা মৎস্য অফিসার, রাজাপুর | -সদস্য |
| ০৭ | থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (পুলিশ বিভাগ), রাজাপুর | -সদস্য |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, রাজাপুর | -সদস্য |
| ০৯ | প্রধান শিক্ষক, রাজাপুর সরকারী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, রাজাপুর | -সদস্য |
| ১০ | অধ্যক্ষ, মহিলা কলেজ, রাজাপুর (অথবা একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণ) | -সদস্য |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর | -সদস্য |
| ১২ | উপজেলা শিক্ষা অফিসার, রাজাপুর | -সদস্য |
| ১৩ | উপজেলা সমাজ সেবা অফিসার, রাজাপুর | -সদস্য |
| ১৪ | প্রধানশিক্ষক, রাজাপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, রাজাপুর | -সদস্য |
| ১৫ | বিভাগীয় প্রধান/প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রনালয়, রাজাপুর | -সদস্য |
| ১৬ | তথ্য সেবাকর্মকর্তা, রাজাপুর | -সদস্য |
| ১৭ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সদস্য-সচিব |

সভাপতি সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার যে সকল কার্যক্রম গ্রহণ করেছে তা মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও তিনি ডিজিটাল সেন্টার থেকে স্বল্প মূল্যে কম্পিউটার প্রশিক্ষণ ও সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। পরিশেষে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত/-
**(মোঃ সোহাগ হাওলাদার)**
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৪২৮৪. ০০১.০৬.০০১.১৯- ০৭

তারিখঃ ৯ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. জেলা প্রশাসক, ঝালকাঠি।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝালকাঠি।
৬. উপজেলা চেয়ারম্যান, রাজাপুর, ঝালকাঠি।
৭. ......................................................, উপজেলা আইসিটি কমিটি, সদস্য।

Ahmed
২৪/০৯/১৯

(ফিরোজ আহমেদ জেহাদী)
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ও
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।